# ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান

SKSF

# কম্পিউটার ঋণ নিতিমালা-২০২৩

প্রধান কার্যালয়
ধানমন্ডি, ঢাকা, বাংলাদেশ।
www.sksfbdf.com

ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ধানমন্ডি, ঢাকা, বাংলাদেশ।

SKSF

# কম্পিউটার ঋণ নিতিমালা-২০২৩

১। শিরোনামঃ এ নিতিমালা 'ফাউন্ডেশন-এর কম্পিউটার ঋণ নিতিমালা-২০২৩' নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা:-

ক) ফাউন্ডেশন বলতে 'ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন (SKSF)'-কে বুঝাবে।

খ) "কর্মকর্তা-কর্মচারী" বলতে ফাউন্ডেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০২৩ অনুযায়ী ফাউন্ডেশনের সাংগঠনিক ও জনবল কাঠামোভুক্ত সকল নিয়মিত/স্থায়ী কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে।

গ) বেতনঃ 'বেতন' বলতে কোন কর্মচারীর সংশ্লিষ্ট বেতন স্কেল/গ্রেড অনুযায়ী নির্ধারিত মূল বেতন হিসাবে যাহা গ্রহণ করেন এবং ব্যক্তিগত বেতন বা ছুটিকালীন বেতনের সমষ্টিকে বুঝাবে।

ঘ) অনুমোদনকারী কর্তৃপক্ষ' বলতে ফাউন্ডেশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত (Authorized) কোন কর্মকর্তা যিনি ফাউন্ডেশনের পক্ষে এ ঋণ মঞ্জুর করবেন।

ঙ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা' বলতে ফাউন্ডেশনের সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান/অধিশাখা প্রধান/অঞ্চল প্রধানকে (যখন যা প্রযোজ্য) বুঝাবে, যার অধীনে আবেদনকারী চাকুরিরত থাকবেন।

চ) মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য কম্পিউটার ক্রয়ের ৬০% টাকা ফাউন্ডেশন প্রণোদনা হিসাবে প্রদান করবে।

৩। প্রয়োগ:

ক) এ নীতিমালার শর্তসমূহ ফাউন্ডেশনের সাংগঠনিক ও জনবল কাঠামোভুক্ত সকল নিয়মিত/স্থায়ী মাঠ পর্যায়ের কর্মকর্তার জন্য প্রযোজ্য হবে।

খ) আঞ্চলিক ব্যবস্থাপক ও উপজেলা পর্যায়ে কর্মরত উপজেলা কর্মকর্তা, মাঠ কর্মকর্তাকে ঋণ প্রদানে অগ্রাধিকার প্রদান করা হবে। তহবিলের পর্যাপ্ততা সাপেক্ষে ফাউন্ডেশনের কাজের স্বার্থে উপরিল্লিখিত যেকোন সমপদের কর্মকর্তা/কর্মচারীগণ এ ঋণের জন্য আবেদন করতে পারবেন।

গ) মাসিক কিস্তি কর্তনের পর ঋণ গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্ত নীট (ঘবঃ) বেতন অবশ্যই প্রাপ্য মোট বেতনের (Gross) কমপক্ষে এক-তৃতীয়াংশ হতে হবে।

৪। কম্পিউটার ঋণ মঞ্জুরির ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য বিধি-বিধানঃ

ফাউন্ডেশনের কোন কর্মকর্তা-কর্মচারীকে শুধুমাত্র ফাউন্ডেশনের কাজে ব্যবহারের উদ্দেশ্যে কম্পিউটার ক্রয়ের জন্য প্রদেয় ঋণের সিলিং হবে সর্বনিম্ন ৬০ হাজার টাকা হতে সর্বোচ্চ ৭০ হাজার টাকা যা নিম্নে বর্ণিত বিধি দ্বারা নিয়ন্ত্রিত (Regulated) হবে ঃ

ক) দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য কম্পিউটার ক্রয় করতে আগ্রহী আঞ্চলিক ব্যবস্থাপক ও উপজেলা পর্যায়ে কর্মরত উপজেলা কর্মকর্তা, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ঋণ প্রদানে অগ্রাধিকার প্রদান করা হবে।

খ) কোন কর্মকর্তা-কর্মচারীর চাকুরিতে যোগদানের সাথে সাথে আবেদন করতে পারবেন।

গ) কম্পিউটার ক্রয়ের জন্য ফাউন্ডেশন হতে ৬০% প্রণোদনার অর্থ গ্রহনের জন্য আবেদনের সাথে বাকী ৪০% টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

ঘ) কম্পিউটার গ্রহণকারী কর্মকর্তা কম্পিউটার আবশ্যিকভাবে অফিসের কাজে ব্যবহার করবেন। কোন কর্মকর্তার বিরুদ্ধে অফিসের কাজে কম্পিউটার ব্যবহার করা হয় না মর্মে তথ্য/অভিযোগ পাওয়া গেলে প্রণোদনার ৬০% অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

ঙ) কম্পিউটার সংরক্ষণ ও নিরাপত্তার দায়িত্ব সম্পূর্ণভাবে গ্রহণকারী কর্মকর্তার উপর থাকবে। কম্পিউটার

দুর্ঘটনাজনিত সকল দায়-দায়িত্ব কম্পিউটার ঋণ গ্রহণকারীকে বহন করতে হবে। চুরি কিংবা দূর্ঘটনাজনিত কোন দায় ফাউন্ডেশন কর্তৃপক্ষ বহন করবে না।

চ) যেহেতু কম্পিউটার ক্রয়ের ৬০% অর্থ ফাউন্ডেশনের সেহেতু কম্পিউটার ফাউন্ডেশনের নিকট দায়বদ্ধ বলে বিবেচিত হবে।

ছ) ঋণ গ্রহণকারী অবসর ও চাকুরী হতে অব্যহতি প্রদান করিলে কম্পিউটার ক্রয়ের ৪০% অর্থ ফাউন্ডেশন হতে ফেরতের আবেদনের প্রেক্ষিতে ০৭ কর্মদিবসের মধ্যে ফেরত পাইবেন।

জ) কম্পিউটার জমা করতে ব্যর্থতায় হলে কম্পিউটার ক্রয়ের জন্য ৬০% প্রনোদনার অর্থ তার পাওনাদি থেকে কর্তন এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে আদায় করা হবে।

ঝ) ঋণ উত্তোলনের পূর্বে ঋণ গ্রহণকারীকে ফাউন্ডেশন কর্তৃক নির্ধারিত জামিননামা (Security Bond) সম্পাদন করে দাখিল করতে হবে। একইভাবে ঋণ গ্রহণকারীকে ফাউন্ডেশনের নির্ধারিত ফরমে নিশ্চয়তা প্রদানকারী/জামিনদার কর্তৃক অঙ্গিকারনামাও দাখিল করতে হবে।

ঞ) কম্পিউটার ক্রয়ের পর ঋণ/অগ্রিম গ্রহণকারীকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কম্পিউটার গ্রহনের স্বীকারপত্র এবং ঋণ গ্রহণকারীর কাছ থেকে কম্পিউটার বুঝে নেয়ার প্রত্যায়ন পত্র সংগ্রহ করে তা অবশ্যই ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

ট) কম্পিউটার ঋণ গ্রহণের পর চাকুরী ত্যাগ করতে চাইলে অথবা চাকুরী থেকে অব্যাহতি প্রদান করা হলে কিংবা চাকুরীচ্যুত করা হলে কম্পিউটার ফাউন্ডেশনের অনুকূলে জমা করতে হবে।

ঠ) কম্পিউটার গ্রহণকারী কর্মকর্তাকে উপরিউল্লিখিত শর্তাবলি গ্রহণ সাপেক্ষে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে এতদসংক্রান্ত শর্ত সম্বলিত নিজ অঙ্গীকারনামা ও জামিনদারের অঙ্গীকারনামা দাখিল করতে হবে। সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তাসহ ০২ (দুই) জন কর্মকর্তা/কর্মচারী অঙ্গীকারনামায় সাক্ষী হিসেবে স্বাক্ষর করবেন।

ড) ঋণের অংশ সম্পূর্ণরূপে পরিশোধের পূর্বে কর্মকর্তা-কর্মচারীদের মৃত্যু অথবা চাকুরী ত্যাগ জনিত কারণে ঋণ গ্রহীতার জামিনদার/উত্তরাধিকারী (গণ) অপরিশোধিত অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৫। বিবিধ বিধি-বিধান

১) ঋণের আবেদনের সাথে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত জামিনদার/উত্তরাধিকার সংক্রান্ত সনদ দাখিল করতে হবে।

২) ফাউন্ডেশনের সহিসাব শাখা'র অধীনে আলোচ্য ঋণ বিতরণ ও যাবতীয় হিসাব সংরক্ষণ করা হবে।

৩) যথাযথ প্রক্রিয়ায় এ নীতিমালার যে কোন অনুচ্ছেদ সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন বাতিল করা যাবে।

৪) এই নীতিমালার কোন অনুচ্ছেদ সুস্পষ্ট ব্যাখ্যার প্রয়োজন হলে ব্যবস্থাপনা পরিচালক ও নির্ধারিত যাচাই-বাছাই কমিটির সমন্বয়ে প্রদেয় ব্যাখ্যা যথাযথ বলে গণ্য হবে।

৫) ঘোষণাঃ

এ নীতিমালার শর্তসমূহ ফাউন্ডেশনের সাংগঠনিক ও জনবল কাঠামোভুক্ত নিয়মিত/স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে। এমতাবস্থায় কর্মকর্তা/কর্মচারী কম্পিউটার ঋণের প্রক্রিয়াকরণ, মঞ্জুরি ও নিরাপত্তা বিধানের বিষয়ে 'ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন'র কম্পিউটার ঋণ নীতিমালা-২০২৩ এ বর্ণিত নির্দেশাবলি যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। এ নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে।

৬। ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের ৫২ তম সভার ১ (গ) এর সিদ্ধান্ত অনুযায়ী এ নীতিমালা জারি করা হলো।

তর্পন কুমার রায়
ব্যবস্থাপনা পরিচালক
md.sksfgov@gmail.com